

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থমন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা।


“পুরাতন মাইক্রোবাস ও কার বিক্রয়ের ‘দরপত্র বিজ্ঞপ্তি’

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থমন্ত্রণালয়ের নিম্নবর্ণিত মাইক্রোবাস ও কার যে অবস্থায় আছে তার ভিত্তিতে ক্রয় করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	গাড়ীর রেজিস্ট্রেশন নম্বর	যানবাহনের ধরণ	প্রস্তুতকাল	গাড়ীর অবস্থান
০১	ঢাকা মেট্রো-চ-৫১-০১৩১	মাইক্রোবাস	১৯৯৪	ক্যান্টিনের সামনে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা চত্বর, ঢাকা।
০২.	ঢাকা মেট্রো-চ-০২-৪২১০	মাইক্রোবাস	১৯৯৪	ক্যান্টিনের সামনে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা চত্বর, ঢাকা।
০৩.	ঢাকা মেট্রো-চ-৫১-১৭৬২	মাইক্রোবাস	১৯৯৮	ক্যান্টিনের সামনে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা চত্বর, ঢাকা।
০৪.	ঢাকা মেট্রো-খ-১১-২৯২৭	কার	১৯৯৫	ক্যান্টিনের সামনে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা চত্বর, ঢাকা।

দরপত্রের শর্তাবলী :

- প্রতিটি গাড়ীর জন্য পৃথক দরপত্র দাখিল করতে হবে। একজন দরপত্র দাতা এক বা একাধিক গাড়ীর জন্য পৃথক সিডিউলের মাধ্যমে পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে পারবেন। সীলমোহরকৃত খামের উপর গাড়ীর নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
- প্রতিটি গাড়ীর জন্য নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে আগামী ১৭/১০/২০১৬ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপ-সচিব (প্রশাসন-২ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ব্লক নং-১০, কক্ষ নং-১৬ দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।
- দরপত্র আগামী ১৮/১০/২০১৬ তারিখে দুপুর-২:৩০ ঘটিকা পর্যন্ত অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ব্লক নং-১০, কক্ষ নং-১৭-এ রক্ষিত দরপত্র বাস্তব গ্রহণ করা হবে এবং বেলা ৩:০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- উদ্ধৃত মূল্যের ১০% অর্থ দরপত্র জামানত বাবদ যে কোন সিডিউল ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার আকারে হিসাব রক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ ইস্যুর তারিখ হতে ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৯০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে হিসাব রক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর অনুকূলে পরিশোধ করে এবং সরকারি বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট সরকারি কোষাগারে চালানোর মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানোর মূলকপি অত্র অফিসে দাখিল করে গাড়িগুলো বুঝে নিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত অর্থ পরিশোধে ব্যর্থ হলে দরপত্রের সঙ্গে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- অফিস চলাকালীন সময়ে যে কোন দিন গাড়িগুলো উপরে বর্ণিত (৫নং কলামে) অবস্থানে সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে পরিদর্শন করা যাবে।
- গাড়ী সংক্রান্ত ব্যাপারে তথ্য জানার প্রয়োজন হলে উপ- সচিব, প্রশাসন-২ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
- দরপত্রের বৈধতার মেয়াদ হল ১২০ (একশত বিশ) দিন।
- কারণদর্শনো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


মোঃ মিজানুর রহমান
উপ-সচিব
ফোন ৪ ৯১১ ৭৫৩৫